

“মুজিব বর্ষের আহবান,
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদফতর

শৃঙ্খলা ও তদন্ত শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dss.gov.bd



নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৮৯.২১. ২০৮

তারিখ: ০৬ আগস্ট ১৪২৮
২১ সেপ্টেম্বর ২০২১

অফিস আদেশ

যেহেতু, পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট এর স্মারক নম্বর ৪১.২৮.০০০০.০০০.১৬.০০৮.২০.৮১৫ তারিখ ০৩/০৮/২০২১ যোগে প্রাপ্ত পত্রে জানা যায়, বিগত ২৩/০৭/২০২১ তারিখে হোটমনি নিবাস, বাগবাড়ি, সিলেট এর নিবাসী নাবিল আহমেদ (বয়স আনুমানিক ০২ মাস ১৫ দিন) মৃত্যুবরণ করেন;

যেহেতু, উক্ত ঘটনার প্রেক্ষিতে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট এর স্মারক নম্বর ৪১.২৮.০০০০.০০০.১৬.০০৮.২০.৩৯৫ তারিখ ২৬/০৭/২০২১ এর নির্দেশ মোতাবেক উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট এর স্মারক নম্বর ৪১.০১.৯১০০.০০০.১৬.০৭০.১৩.১৪৪ তারিখ ২৪/০৭/২০২১ যোগে জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেটকে বিষয়টি সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তৃদন্তকারী কর্মকর্তা স্মারক নম্বর ৪১.০১.৯১০০.০০০.২৭.০০১.১৮.২৯১ তারিখ ০১/০৮/২০২১ যোগে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ঘটনার সময়ে দায়িত্ব পালনকারী আয়া জনাব মোসা: সুলতানা ফেরদৌসী সিদ্দিকা শিশু নিবাসী নাবিল আহমেদ অধিক পরিমাণ কানাকাটি করায় তাকে উপুড় করে পিঠের উপর বালিশ দিয়ে শুইয়ে রাখেন এবং দীর্ঘ ৪/৫ ঘন্টা পরও শিশু নাবিলের দিকে ফিরে তাকাননি। অল্লবয়সী শিশু নাবিল আহমেদ উপুড় হয়ে দীর্ঘ সময় অবস্থান করার কারণে বিছানার সাথে অবিরাম ঘর্ষণ হওয়ায় কপাল থেতলে যায় ও রক্ত বের হয় এবং মুখমণ্ডল লালচে হয়ে যায়। ঐ রাতে বিভিন্ন সময় শিশু নাবিল আহমেদ এর আশেপাশে থাকা অন্যান্য শিশুদের কয়েকবার দেখভাল করেছেন কিন্তু শিশু নাবিল আহমেদ কে একবারও দেখেননি। ঐ রাতে তিনি বিভিন্ন সময় কিছু শিশুকে বারংবার বিভিন্ন উপায়ে প্রহার করেছেন। এক্ষেত্রে তার শিশুদের প্রতি অমানবিক আচরণ, দায়িত্ব পালনে উদাসিনতা, খাম-খেয়ালিপনা, নগ ও বিরক্তিকর আচরণ ও গাফলতির কারণে শিশু নাবিল আহমেদ এর মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়;

যেহেতু, জনাব মোসা: সুলতানা ফেরদৌসী সিদ্দিকার কর্তব্যকাজে চরম অবহেলা, উদাসিনতা, খাম-খেয়ালিপনা, নগ ও বিরক্তিকর আচরণ ও গাফলতির কারণে শিশু নাবিল আহমেদ এর মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়;

যেহেতু, তার বিরুদ্ধে উপরোক্ত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট এর স্মারক নম্বর ৪১.২৮.০০০০.০০০.১৬.০০৮.২০.৮২৮ তারিখ ১৪/০৮/২০২১ যোগে হালনাগাদ প্রতিবেদনে জানা যায়, উক্ত ঘটনায় সিলেট কোতোয়ালী মডেল থানা পুলিশ বাদী হয়ে জনাব মোসা: সুলতানা ফেরদৌসী সিদ্দিকাকে আসামী করে মামলা দায়ের করেন। উক্ত মামলায় গত ১২/০৮/২০২১ তারিখ দিবাগত রাত আনুমানিক ১২.৩০ ঘটিকায় প্রতিষ্ঠানের কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত তার কোয়ার্টার থেকে সিলেট কোতোয়ালী মডেল থানা পুলিশ তাকে গ্রেফতার করে পুলিশ হেফাজতে নিয়ে যায়;

সেহেতু, জনাব মোসা: সুলতানা ফেরদৌসী সিদ্দিকা কে বিএসআর পার্ট-১ বিধি ৭৩ এর নোট (২) মোতাবেক গ্রেফতারের তারিখ অর্থাৎ ১২/০৮/২০২১ তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন। তবে জামিনে মুক্ত হলে তাকে নিয়মিত কর্মসূলে উপস্থিত থাকতে হবে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ০২৫৫০০৭০২৮

ନମ୍ବର: ୪୧.୦୧.୦୦୦୦.୦୧୪.୨୭.୦୮୯.୨୧. ୨୦୮ (୩୨)

০৬ আশ্বিন ১৪২৮
১১ সেপ্টেম্বর ২০২১

ଅନୁଲିପି ସଦୟ ଜ୍ଞାତାର୍ଥେ ଓ କାର୍ଯ୍ୟାର୍ଥେ:

১. পরিচালক(প্রশাসন ও অর্থ)/কার্যক্রম)/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
 ২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট।
 ৩. উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ণ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে
প্রকাশের জন্য)।
 ৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
 ৫. সহকারী পরিচালক(প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
 ৬. বিভাগীয় হিসাবরক্ষণ অফিসার, সিলেট।
 ৭. উপ-তত্ত্বাবধায়ক, ছোটমনি নিবাস, বাগবাড়ি, সিলেট।
 ৮. জনাব মোসা: সুলতানা ফেরদৌসী সিদ্ধিকা, আয়া (সাময়িক বরখাস্ত), ছোটমনি নিবাস, বাগবাড়ি, সিলেট।

ମୋଃ ନୁରଲ ହକ ମିଯା

উপপরিচালক(প্রশাসন ও অর্থ)

29/01/2023